**পল্লী সঞ্চয় ব্যাংক**
প্রধান কার্যালয়, ঢাকা।
www.pallisanchaybank.gov.bd
শৃঙ্খলা ও আপিল বিভাগ

স্মারক নম্বর: পসব্য/প্রকা/শৃঙ্খলা-২২(৭১৯)/২০২৪-২৫/(২০২৬-২৭)/ ২৮৩ তারিখ: ১৮ আগস্ট, ২০২৬

**পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২২ এর অধীনে রুজুকৃত শৃংখলাজনিত বিভাগীয় মামলা নম্বর: ১০৬/২০২৪-২৫ এর কর্মী সংক্রান্ত ঘোষণা**

যেহেতু আপনি জনাব জেনিথ চাকমা (জে-৯১) মাঠ সহকারী (সাময়িকভাবে বরখাস্তকৃত), জেলা (আঞ্চলিক) কার্যালয়, চট্টগ্রাম-এ (সংযুক্ত); ইত:পূর্বে পল্লী সঞ্চয় ব্যাংক, হাটহাজারী শাখা, চট্টগ্রাম-এ মাঠ সহকারী হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের পরিপ্রেক্ষিতে আপনার বিরুদ্ধে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫১ (ক), (খ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ ও অর্থ আত্মসাৎমূলক অপরাধ সংঘটনের দায়ে বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা নম্বর: ১০৬/২০২৪-২৫ দায়েরপূর্বক অত্র বিভাগের ২৩/০৬/২০২৫ তারিখের পসব্য/প্রকা/শৃঙ্খলা-২২(৭১৯)/২০২৪-২০২৫/২৬৩৩ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হয়। আপনি উক্ত অভিযোগনামার জবাব দাখিল করেন। অতঃপর কর্তৃপক্ষ বিভাগীয় মামলাটি তদন্তের সিদ্ধান্ত গ্রহণপূর্বক একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনান্তে আপনি জনাব জেনিথ চাকমা আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহের জন্য পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫২(১)(খ) প্রবিধি মোতাবেক আপনাকে গুরুদন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করেন এবং উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত বা বিকল্প কোন গুরুদন্ড প্রদান করা হবে না-এ মর্মে ২০/০৪/২০২৬ তারিখের পসব্য/প্রকা/শৃঙ্খলা-২২(৭১৯)/২০২৪-২৫/(২০২৫-২৬)/২০৪৪ নং স্মারকমূলে আপনার বিরুদ্ধে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

০৪। যেহেতু, আপনি উক্ত চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক তথ্যাদি বিচার-বিশ্লেষণ করে আপনি জনাব জেনিথ চাকমা (জে-৯১), আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অর্থ আত্মসাতমূলক অপরাধ সংঘটনের দায়ে দোষী সাব্যস্ত করত লঘুদন্ড তথা আপনার পরবর্তী প্রাপ্য ০২ (দুই) টি বার্ষিক বেতন বর্ধন ০২ (দুই) বছরের জন্য স্থগিত রাখার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এক্ষণে, সেহেতু আপনি জনাব জেনিথ চাকমা (জে-৯১) কর্তৃপক্ষ আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫২(১)(ক)(আ) প্রবিধি অনুসারে আপনার পরবর্তী প্রাপ্য ০২ (দুই) টি বার্ষিক বেতন বর্ধন (০১/০৭/২০২৭ এবং ০১/০৭/২০২৮ তারিখে প্রাপ্য) ০২ (দুই) বছরের জন্য অর্থাৎ ৩০/০৬/২০২৯ তারিখ পর্যন্ত স্থগিত রাখার আদেশ দিলেন।

০৬। এছাড়াও কর্তৃপক্ষ আপনার উপর ১৬/০৭/২০২৪ তারিখে পসব্য/প্রকা/প্রশা-২৩(৯)/২০২৪-২৫/২৫৮ নম্বর স্মারকমূলে আরোপিত সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক সাময়িক বরখাস্তকাল (১৬/০৭/২০২৪ তারিখ হতে অত্র কর্মী সংক্রান্ত ঘোষণা জারির পূর্ব পর্যন্ত) বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করার আদেশ দিলেন। আপনি সাময়িক বরখাস্তকালে গৃহীত খোরাকি ভাতার অতিরিক্ত কোন অর্থ প্রাপ্য হবেন না।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে,

১৮.০৮.২০২৬
(মোঃ মাসুদ হাসান)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

জনাব জেনিথ চাকমা (জে-৯১)
মাঠ সহকারী (সাময়িকভাবে বরখাস্তকৃত),
জেলা (আঞ্চলিক) কার্যালয়, চট্টগ্রাম-এ (সংযুক্ত)।

স্মারক নম্বর: পসব্য/প্রকা/শৃঙ্খলা-২২(৭১৯)/২০২৪-২৫/(২০২৬-২৭)/ ২৮৩ তারিখ: ১৮ আগস্ট, ২০২৬

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের সকল দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। দায়িত্বপ্রাপ্ত মনিটরিং কর্মকর্তা, শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগ (চট্টগ্রাম)।
০৫। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, কর্মী ব্যবস্থাপনা বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, চট্টগ্রাম (ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য)।
০৬। প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, আইসিটি অপারেশন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
০৭। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা (আঞ্চলিক) কার্যালয়, চট্টগ্রাম। কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব জেনিথ চাকমা (জে-৯১) মাঠ সহকারী- এর নিকট প্রাপ্তিস্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূর্বক রশিদটি hasina@pallisanchaybank.gov.bd মেইল এ প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হলো।
০৮। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, হাটহাজারী শাখা, চট্টগ্রাম।
০৯। সংশ্লিষ্ট নথি/মহানথি।

১৮.০৮.২০২৬
(সুমন সরকার)
প্রিন্সিপাল অফিসার